রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৭, ২০২০

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

## প্রজ্ঞাপন

তারিখ : ০২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ/১৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও, নং ২৫৬-আইন/২০২০।**—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর ধারা ৮৭ তে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই প্রবিধানমালা নিরাপদ খাদ্য (খাদ্য ব্যবসায়ীর বাধ্যবাধকতা) প্রবিধানমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) আমদানি ও বিক্রয় সংশ্লিষ্ট কর্মকাণ্ডসহ খাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, প্রস্তুতকরণ, মোড়কজাতকরণ, পরিবহণ, গুদামজাতকরণ, বিতরণ, প্রদর্শন ও বিপণনের সকল পর্যায়কে পরিব্যাপ্ত করিয়া এই প্রবিধানমালা প্রয়োগ করা হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(ক) **"আইন"** অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন);

(খ) **"উৎস শনাক্তকরণ (Traceability)"** অর্থ তথ্য-প্রমাণের ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, বিতরণ ও বিপণনের সুনির্দিষ্ট ধাপসমূহ পর্যালোচনার মাধ্যমে উৎপাদিত বা প্রস্তুতকৃত খাদ্য এবং উপাদানসমূহের আদি উৎস সন্ধান করিবার সক্ষমতা;

(গ) **"খাদ্যের বিশেষ সংরক্ষণ"** অর্থ খাদ্য হিমায়িত (Frozen), শীতলকৃত (Chilled), শুষ্ককৃত (Dried), বায়ুনিরোধকৃত (Airtied), নিয়ন্ত্রিত বা পরিবর্তিত গ্যাসীয় (Controlled or Modified Atmosphere) ইত্যাদি কারিগরি বা প্রযুক্তিগত পদ্ধতি প্রয়োগের মাধ্যমে সংরক্ষণ;

(ঘ) **"ঝুঁকি"** অর্থ খাদ্যে বিপত্তি ঘটাইবার কোনো কার্য যাহা স্বাস্থ্যের বিরূপ প্রভাব সৃষ্টির সম্ভাবনা তৈরি করে;

(ঙ) **"নিরাপদ খাদ্য"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১৭) এ সংজ্ঞায়িত নিরাপদ খাদ্য;

(চ) **"পরিদর্শন"** অর্থ কর্তৃপক্ষ বা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সকল প্রকারের পদক্ষেপ যাহা আইনের সহিত সঙ্গতিপূর্ণ কি না তাহা যাচাই করিবার জন্য পরিচালিত হয়;

(ছ) **"ফরম"** অর্থ এই প্রবিধানমালার সহিত সংযোজিত কোনো ফরম; এবং

(জ) **"সংকটপূর্ণ নিয়ন্ত্রণ ধাপ (Critical Control Point)"** অর্থ খাদ্য উৎপাদন, প্রস্তুত বা প্রক্রিয়াকরণ, সরবরাহ ও বিক্রয় পর্যায়ে রাসায়নিক (Chemical), ভৌত (Physical), জৈবিক (Biological) ইত্যাদি বিপত্তি বা দূষণ প্রতিরোধ বা মুক্ত বা গ্রহণযোগ্য মাত্রায় হ্রাস করিবার লক্ষ্যে উক্ত দূষণ বা বিপত্তির সংকটপূর্ণ সীমা (Critical limit) পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণের ধাপ।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, তাহা আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ**।—নিরাপদ খাদ্য নিশ্চিত করিবার লক্ষ্যে খাদ্য ব্যবসায়ী নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করিবে, যথা :—

(ক) খাদ্য প্রস্তুত বা প্রক্রিয়াকরণের ক্ষেত্রে শুধু খাদ্যে ব্যবহারের জন্য অনুমোদিত রাসায়নিক ব্যবহার করিবে এবং প্রিজারভেটিভ বা রঞ্জক বা ঘ্রাণ সৃষ্টিকারী রাসায়নিক বা ব্যবহৃত অন্য যে কোনো রাসায়নিকের নাম, বৈজ্ঞানিক সংকেত, রাসায়নিক কোড, পরিমাণ, গ্রেড, বিশুদ্ধতা, উৎপাদনকারী ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, উৎস স্থান বা দেশ, উৎপাদনের তারিখ, মেয়াদোত্তীর্ণের তারিখ, খাদ্যে ব্যবহারের উপযুক্ততা ইত্যাদি তথ্য নথিভুক্ত করিবে এবং প্রত্যেক ব্যাচভিত্তিক তথ্য ও প্রমাণক সংরক্ষণ করিবে;

(খ) উৎপাদনকৃত বা আমদানিকৃত খাদ্যে অনুমোদিত রাসায়নিক বা ভারী ধাতু বা তেজস্ক্রিয় পদার্থ বা রঞ্জক বা সুগন্ধি বা ক্ষতিকর অনুজীব ইত্যাদির উপস্থিতি বা মাত্রাতিরিক্ত উপস্থিতি রহিয়াছে কি না তাহা শনাক্তকরণে কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত পরীক্ষাগারে খাদ্যের নমুনা বিশ্লেষণ করিবে এবং এতৎসংক্রান্ত প্রতিবেদন সংরক্ষণ করিবে;

(গ) উৎপাদনকৃত বা আমদানিকৃত খাদ্যের নির্ধারিত মান (প্রযোজ্য ক্ষেত্রে BDS মান) বা সরকারের অন্য সংস্থা কর্তৃক নির্ধারিত মান বা আন্তর্জাতিক মান কোডেক্স (CODEX) অনুযায়ী নির্ধারিত পর্যায়ে রহিয়াছে কি না খাদ্য ব্যবসায়ী তাহা কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত খাদ্য পরীক্ষাগারে পরীক্ষা করাইবে এবং সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে খাদ্য বা খাদ্যপণ্য বাজারজাত করিবে;

(ঘ) উৎপাদনকৃত বা প্রক্রিয়াজাতকৃত খাদ্যের মেয়াদ (Shelf life) নির্ধারণের ক্ষেত্রে বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন করিবে এবং যাহার ভিত্তিতে খাদ্যের মেয়াদ নির্ধারণ করা হইয়াছে সেই সকল বিশ্লেষণ প্রতিবেদন বা তথ্যাদি ও প্রমাণক সংরক্ষণ করিবে :

তবে শর্ত থাকে যে, আমদানিকৃত খাদ্যপণ্যের মেয়াদ মূল প্রস্তুতকারী কর্তৃক নির্ধারিত হইবে;

(ঙ) খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, সরবরাহ, মজুদ বা বিক্রয়ের বিভিন্ন পর্যায় বা ধাপে বিপত্তি প্রতিরোধ, অপসারণ ও গ্রহণযোগ্য মাত্রায় কমাইয়া আনিবার জন্য সংকটপূর্ণ নিয়ন্ত্রণ ধাপ (Critical Control Point) ও তাহার সীমা (limit) নির্ধারণ করিবে এবং উক্ত সীমা নিয়ন্ত্রিত হইতেছে কি না তাহা পরিবীক্ষণ ও সংশোধন করিবে এবং তাহার সপক্ষে প্রমাণক সংরক্ষণ করিবে;

(চ) খাদ্য ব্যবসা পরিচালনা সংশ্লিষ্ট প্রমাণক ও দলিলাদি হালনাগাদ করিবে এবং কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক পেশ করিবে।

৪। **উৎস সনাক্তকরণ**।—উৎস সনাক্তকরণ পদ্ধতির অংশ হিসাবে খাদ্য ব্যবসায়ী কাঁচামাল চিহ্নিতকরণ, প্রক্রিয়াকরণ, উৎপাদন, আমদানি, সরবরাহ ও বিক্রয় কার্যক্রম যাচাইয়ের প্রয়োজনীয় প্রমাণক সংরক্ষণ করিবে এবং অন্য কোনো ব্যবসায়ীর নিকট হইতে খাদ্য বা খাদ্যোপকরণ (কাঁচামাল), মৎস্যখাদ্য, পশুখাদ্য বা খাদ্য বা মৎস্য ও পশুখাদ্যের সংযোজক দ্রব্য ইত্যাদি সরবরাহ বা গ্রহণ করিলে বা অন্য কোনো ব্যবসায়ীর নিকট সরবরাহ করিলে তাহা চিহ্নিত করিবার জন্য প্রবিধান ৫ এ বর্ণিত প্রমাণকসমূহ সংরক্ষণ করিবে।

৫। **প্রমাণক সংরক্ষণ**।—(১) খাদ্য ব্যবসায়ী নিম্নলিখিত বিষয়ের প্রমাণক সংরক্ষণ করিবে, যথা :—

(ক) খাদ্য ব্যবসায়ী কর্তৃক অন্য কোনো ব্যবসায়ীর নিকট হইতে খাদ্য বা খাদ্যপণ্য সরবরাহ গ্রহণ সম্পর্কিত তথ্যাদি, যথা :—

(অ) খাদ্য ব্যবসায়ীর নাম ও ঠিকানা;

(আ) খাদ্যের যথাযথ বিবরণ;

(ই) খাদ্যের পরিমাণ;

(ঈ) লট, ব্যাচ, চালান (যাহা প্রযোজ্য) শনাক্ত করিবার স্মারক ইত্যাদি;

(উ) প্রত্যেকটি লেনদেন বা সরবরাহের তারিখ;

(ঊ) সংশ্লিষ্ট অন্যান্য তথ্য;

(খ) খাদ্য ব্যবসায়ী কর্তৃক অন্য কোনো ব্যবসায়ীকে খাদ্য সরবরাহ সম্পর্কিত তথ্যাদি, যথা :—

(অ) খাদ্য ব্যবসায়ীর নাম ও ঠিকানা;

(আ) খাদ্যের যথাযথ বিবরণ;

(ই) খাদ্যের পরিমাণ;

(ঈ) লট, ব্যাচ, চালান (যাহা প্রযোজ্য) শনাক্ত করিবার স্মারক ইত্যাদি;

(উ) প্রত্যেকটি লেনদেন বা সরবরাহের তারিখ;

(ঊ) সংশ্লিষ্ট অন্যান্য তথ্য;

(গ) খাদ্য প্রস্তুত বা প্রক্রিয়াকরণের পদ্ধতি পরিবর্তন বা কারিগরি বিচ্যুতি সংশোধন, খাদ্য প্রক্রিয়াকরণের নিয়ন্ত্রণ ধাপ (Control Point) সম্পর্কিত তথ্যাদি এবং খাদ্যদ্রব্যের বিশেষ সংরক্ষণ, সরবরাহ বা বিতরণ ও ব্যবহার, যথা :—

(অ) পদ্ধতি পরিবর্তন বা কারিগরি বিচ্যুতির বিস্তারিত তথ্য;

(আ) চিহ্নিত নিয়ন্ত্রণ ধাপ বা সংকটপূর্ণ নিয়ন্ত্রণ ধাপের নাম, সীমা, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সংশোধন সংক্রান্ত তথ্যাদি;

(ই) খাদ্যদ্রব্যের বিশেষ সংরক্ষণ, সরবরাহ বা বিতরণ ও ব্যবহার কার্যক্রমের যথাযথ প্রমাণক সংরক্ষণ।

(২) খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (১) এর দফা (ক) ও (খ) এ উল্লিখিত প্রমাণক বা তথ্য খাদ্যপণ্যের মেয়াদ উত্তীর্ণের পর অন্যূন ৩ (তিন) মাস পর্যন্ত এবং খাদ্য ব্যবসার অন্যান্য তথ্য বা প্রমাণক ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবে।

৬। **প্রশিক্ষণ।**—(১) খাদ্য ব্যবসায়ীকে নিশ্চিত করিতে হইবে যে, তদীয় খাদ্য ব্যবসায়ে নিয়োজিত কর্মকর্তা বা কর্মচারীগণ, কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মডিউল বা দেশীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত মডিউল দ্বারা প্রশিক্ষণপ্রাপ্ত এবং আইন ও তদধীন প্রণীত বিধি বা প্রবিধান, নির্দেশনা এবং প্রযোজ্য ক্ষেত্রে নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট অন্যান্য বিধি-বিধান ও নির্দেশনা মোতাবেক তাহাদের কর্তব্য সম্পাদন করিয়া থাকে।

(২) খাদ্য ব্যবসায়ী তাহার কর্মকর্তা বা কর্মচারীগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানে ব্যবস্থা করিবে এবং প্রশিক্ষণ কর্মসূচিসমূহ সম্পর্কে হালনাগাদ তথ্য সংরক্ষণ করিবে।

(৩) খাদ্য ব্যবসায়ীকে নিশ্চিত করিতে হইবে যে, খাদ্যদ্রব্য প্রস্তুত ও স্থানান্তর বা পরিবহণের সহিত সম্পৃক্ত কর্মকর্তা বা কর্মচারীগণের যথাযথ প্রশিক্ষণ রহিয়াছে এবং যেই কর্মে তাহারা নিয়োজিত সেই সকল কর্মকাণ্ডের ক্ষেত্রে স্বাস্থ্যসম্মত পরিবেশ সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ সম্পর্কিত তাহাদের জ্ঞান ও দক্ষতার প্রতিফলন ঘটাইয়া থাকে।

(৪) কর্মকর্তা বা কর্মচারীগণ কর্তৃক গৃহীত প্রশিক্ষণের দলিলপত্র বা প্রমাণক খাদ্য ব্যবসায়ী সংরক্ষণ করিবেন যাহা দ্বারা প্রমাণ করা যাইতে পারে যে, তত্ত্বাবধান ব্যতীত কর্মকর্তা বা কর্মচারীগণ কর্তৃক তাহাদের স্ব স্ব কর্মসম্পাদনের যোগ্যতা রহিয়াছে এবং উক্ত দলিলপত্র বা প্রমাণক কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শনের সময় তাহাদের নিকট উপস্থাপন করিতে হইবে।

৭। **খাদ্যের বিশেষ সংরক্ষণ, সরবরাহ বা বিতরণ ও বিক্রয়।**—খাদ্য ব্যবসায়ীকে খাদ্যের বিশেষ সংরক্ষণ ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে এবং উক্ত বিশেষ সংরক্ষিত খাদ্য সরবরাহ বা বিতরণ ও বিক্রয়ের ক্ষেত্রে একই প্রকারের বা সমজাতীয় কারিগরি বা প্রযুক্তিগত ব্যবস্থা বজায় রাখিতে হইবে।

৮। **খাদ্য স্থাপনা বা খাদ্য ব্যবসায় পরিবর্তন অবহিতকরণ।**—(১) যদি কোনো খাদ্য ব্যবসায়ী তাহার খাদ্য স্থাপনায় বা খাদ্য ব্যবসায়ে পদ্ধতিগত বা প্রকৃতিগত বা স্থাপনাগত বা প্রযুক্তিগত কোনো সংস্কার বা পরিবর্তন সাধন করেন বা করিবার উদ্যোগ গ্রহণ করেন, তাহা হইলে উক্ত পরিবর্তনের বিষয়টি পরিদর্শনের নিমিত্ত কর্তৃপক্ষ বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন পরিদর্শনকালে খাদ্য ব্যবসায়ী বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে সশরীরে উপস্থিত থাকিতে হইবে।

৯। **নোটিশ**।—(১) প্রবিধান ৮ এর অধীন খাদ্য স্থাপনা পরিদর্শনকালে পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট যদি ইহা প্রতীয়মান হয় যে, খাদ্য ব্যবসায়ী বা তাহার কোনো প্রতিনিধি, খাদ্যকর্মী বা কর্মচারী এই প্রবিধানমালার প্রযোজ্য শর্তাবলি প্রতিপালন করিতেছে না, তাহা হইলে উক্ত খাদ্য ব্যবসায়ীকে ফরম-১ এ উল্লিখিত সময়ের মধ্যে উক্ত শর্তাবলি প্রতিপালনের জন্য নোটিশ প্রদান করিবেন।

(২) কোনো খাদ্য ব্যবসায়ী যদি ফরম-১ এ উল্লিখিত সময়ের মধ্যে উপ-প্রবিধান (১) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত করণীয় বাস্তবায়নে ব্যর্থ হন, তাহা হইলে পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত খাদ্য ব্যবসায়ীকে ফরম-২ অনুযায়ী সতর্ক করিয়া নোটিশ প্রদান করিবেন।

(৩) কোনো খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (২) এর অধীন প্রদত্ত নোটিশ বা ফরম-২ এ উল্লিখিত করণীয় পদক্ষেপ বাস্তবায়নে ব্যর্থ হইলে উহা নিরাপদ খাদ্য বিরোধী কার্য বলিয়া গণ্য হইবে।

(৪) কোনো খাদ্য ব্যবসায়ী উপ-প্রবিধান (১) বা উপ-প্রবিধান (২) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে করণীয় পদক্ষেপ বাস্তবায়ন করিলে পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এতৎসংক্রান্ত একটি প্রতিবেদন তাহার ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন এবং উহার একটি অনুলিপি সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ীকে সরবরাহ করিবেন।

(৫) ভোক্তাকে অবহিতকরণের উদ্দেশ্যে এই প্রবিধানের অধীন পরিদর্শক কর্তৃক প্রদত্ত সকল নোটিশ খাদ্য ব্যবসা স্থাপনার সম্মুখে প্রদর্শন করিতে হইবে।

১০। **খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স বা নিবন্ধন সনদ বাতিলের সুপারিশ**।—কোনো খাদ্য ব্যবসায়ী প্রবিধান ৯ এ উপ-প্রবিধান (১) ও উপ-প্রবিধান (২) এর অধীন প্রদত্ত নোটিশে উল্লিখিত সময়ের মধ্যে করণীয় পদক্ষেপ বাস্তবায়ন করিতে ব্যর্থ হইলে, পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স বা নিবন্ধন সনদ বাতিল করিবার জন্য ফরম-৩ অনুযায়ী সংশ্লিষ্ট নিবন্ধক বা লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সুপারিশ করিবেন এবং বিষয়টি তাঁহার ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিবেন।

১১। **অস্পষ্টতা দূরীকরণ**।—এই প্রবিধানমালার কোনো বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হইলে কর্তৃপক্ষ, সরকারের সহিত পরামর্শক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা দূর করিতে পারিবে।

১২। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**।—এই প্রবিধানমালা কার্যকর হইবার পর কর্তৃপক্ষ, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

নিরাপদ খাদ্য অগ্রাধিকার

ফরম-১
[প্রবিধান ৯(১) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www. bfsa.gov.bd

সূত্র :.......................... তারিখ :

**বিষয় : নিরাপদ খাদ্য ঝুঁকি সংক্রান্ত নোটিশ।**

বরাবর

...............................

..............................

(খাদ্য ব্যবসা প্রতিষ্ঠান বা ব্যবসায়ী বা ব্যবসায়ীগণের নাম, ঠিকানা, ইত্যাদি)

১। আপনার বা আপনাদের খাদ্য ব্যবসা প্রতিষ্ঠান (................) পরিদর্শনকালে পরিলক্ষিত হয় যে, নিরাপদ খাদ্য (খাদ্য ব্যবসায়ীর বাধ্যবাধকতা) প্রতিধানমালা, ২০২০ এর নিম্নোক্ত বিধানসমূহ প্রতিপালন করেন নাই বা ভঙ্গ করিয়াছেন, যথা :—

.......................................................................................................................

২। ১নং ক্রমিকে বর্ণিত বিষয়সমূহ সংশোধনকল্পে আপনি বা আপনারা আবশ্যিকভাবে নিম্নোক্ত সংশোধনী পদক্ষেপসমূহ গ্রহণ করিবেন, যথা :—

.......................................................................................................................

৩। ২নং ক্রমিকে বর্ণিত পদক্ষেপসমূহ আগামী.................তারিখের মধ্যে অবশ্যই বাস্তবায়ন করিতে হইবে এবং কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা
(স্বাক্ষর)

নাম :

তারিখ :

টেলিফোন নং :

ফরম-২

[প্রবিধান ৯(২) দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।

**www. bfsa.gov.bd**

সূত্র :........................... তারিখ :

বিষয় : নিরাপদ খাদ্য বিষয়ে ঝুঁকি অব্যাহত থাকা সংক্রান্ত সতর্কীকরণ।

বরাবর

..............................

..............................

(খাদ্য ব্যবসা প্রতিষ্ঠান বা ব্যবসায়ী বা ব্যবসায়ীগণের নাম, ঠিকানা, ইত্যাদি)

১। নিম্নস্বাক্ষরকারী এই মর্মে নিশ্চিত হইয়াছেন যে........................... তারিখের ................নং স্মারকমূলে বা পত্রমূলে আপনার বা আপনাদের প্রতি জারীকৃত নোটিশের মর্ম মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নিরাপদ খাদ্য সংক্রান্ত বিদ্যমান ঝুঁকি অপসারণের জন্য আপনি বা আপনারা যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন নাই।

২। এমতাবস্থায়, আপনি বা আপনাদেরকে ইতঃপূর্বে প্রদত্ত নোটিশের নির্দেশনা পরিপালন না করিবার জন্য সতর্ক করা হইলো। আগামী.................তারিখের মধ্যে..............তারিখের.............নং স্মারকমূলে আপনার বা আপনাদের প্রতি জারীকৃত নোটিশে উল্লিখিত ঝুঁকি অপসারণের জন্য নির্দেশ প্রদান করা হইলো। অন্যথায় আপনার বা আপনাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা

(স্বাক্ষর)

নাম :

ঠিকানা :

তারিখ :

ফরম-৩

[প্রবিধান ১০ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।

**www. bfsa.gov.bd**

সূত্র :............................ তারিখ :

বরাবর

(নিবন্ধক বা লাইসেন্সিং কর্তৃপক্ষ)

................................

................................

বিষয় ঃ খাদ্য ব্যবসা পরিচালনার লাইসেন্স বা নিবন্ধন সনদ বাতিলকরণ সংক্রান্ত।

১। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এই মর্মে নিশ্চিত হইয়াছে যে, .......................নিরাপদ খাদ্য (খাদ্য ব্যবসায়ীর বাধ্যবাধকতা) প্রবিধানমালা, ২০২০ এ উল্লিখিত বিধানাবলি ধারাবাহিকভাবে লঙ্ঘন করিতেছে। ইতঃপূর্বে তাঁহাকে বা তাঁহার প্রতিষ্ঠানকে একাধিকভাবে নিরাপদ খাদ্য ঝুঁকি নিরসনের জন্য সতর্ক করিয়া নোটিশ প্রদান করা হইয়াছিল (কপি সংযুক্ত)। কিন্তু প্রতিষ্ঠানটি নিরাপদ খাদ্য ঝুঁকি নিরসন সংক্রান্ত কোনো কার্যক্রম গ্রহণ করে নাই।

২। এমতাবস্থায়,......................................এর লাইসেন্স বা নিবন্ধন সনদ বাতিল করিবার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিয়া গৃহীত ব্যবস্থা সম্পর্কে কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিতকরণের জন্য অনুরোধ করা হইলো।

....................................

পরিদর্শক বা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা

অনুলিপি :

............................

সংশ্লিষ্ট খাদ্য ব্যবসায়ী বা উৎপাদনকারী।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**মোঃ আব্দুল কাইউম সরকার**

চেয়ারম্যান।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd